মেহেরপুরে ছহিউদ্দিন স্মৃতি ফুটবলে বিশ্বনাথপুর সেমিফাইনালে

মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর জনকল্যাণ ক্লাবের উদ্যোগে আশরাফপুর মাঠে অনুষ্ঠিত ছহিউদ্দিন স্মৃতি ফুটবল টুর্নামেন্টে বিশ্বনাথপুর একাদশ সেমিফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছে।

গতকাল সোমবার বিকালে অনুষ্ঠিত কোয়াটার ফাইনাল খেলায় বিশ্বনাথপুর একাদশ ১-০ ভগিরাতপুর একাদশকে পরাজিত করে। জুয়েল খেলার প্রথমার্ধে জয়সূচক গোলটি করেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর জেলা ব্যাডমিন্টনে হরিরামপুর ও চকশ্যামনগর চ্যাম্পিয়ন

মেহেরপুর জেলা ক্রীড়া অফিসের বার্ষিক ক্রীড়া কর্মসূচীর আওতায় মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত ছেলেদের ব্যাডমিন্টন এককে হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় এবং দ্বৈতে চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হয়েছে।

গতকাল রবিবার বিকালে অনুষ্ঠিত ব্যাডমিন্টন এককের ফাইনালে হরিপুর মাধ্যমিক বিদ্যালয় ২-০ শালিকা মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে।

একই মাঠে অনুষ্ঠিত ব্যাডমিন্টন দ্বৈতে চক শ্যামনগর মাধ্যমিক বিদ্যালয় ২-১ সেটে হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে।

এদিকে একই মাঠে অনুষ্ঠিত ব্যাডমিন্টন একক বালিকায় চকশ্যামনগর

মাধ্যমিক বিদ্যালয় এবং দ্বৈতে হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হয়েছে।

ব্যাডমিন্টন একক বালিকাই চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয় ২-০ সেটে আর আর মাধ্যমিক বিদ্যালয় কে পরাজিত করে। এদিকে ব্যাডমিন্টন বালিকা দ্বৈতে হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় ২-০সেটে চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে।

খেলা শেষে মেহেরপুর জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক ফিরোজ আহমেদ বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক আনাজ আলীর সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহ জামাল।

বক্তব্য রাখেন জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, ক্রীড়া শিক্ষক আব্দুল কুদ্দুস, ইসরাফিল হোসেন, আখতারুজ্জামান, ফোরকান আলী, জাহাঙ্গীর হোসেন প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে সুখরঞ্জন সরকার ও বকুল রানী সরকার স্মৃতি ফুটবলে মুজিবনগর চ্যাম্পিয়ন

মেহেরপুর সদর উপজেলার রাজনগর পাবলিক ক্লাবের উদ্যোগে অনুষ্ঠিত সুখরঞ্জন সরকার ও বকুল রানী সরকার স্মৃতি ফুটবল টুর্নামেন্টের মুজিবনগর ফুটবল একাদশ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

শুক্রবার বিকালে রাজনগর স্কুল মাঠে ফাইনাল খেলায় ট্রাইবেকারে ৫-৩ গোলে বর্শিবাড়িয়া ফুটবল একাদশকে পরাজিত করে। নির্ধারিত সময়ে খেলাটি গোলশ‚ন্য ভাবে শেষ হওয়ায় ট্রাইবেকার এর মাধ্যমে নিষ্পত্তি ঘটানো হয়। এতে মুজিবনগরের পক্ষে হাসিবুল, রাজ, সুমন,

সাব্বির ও বিল্ললা এবং বর্শিবাড়িয়ার পক্ষে পরান, পারভেজ ও নাঈম গোল করেন। খেলায় বিজয়ী দলের গোলরক্ষক হাসিবুল সেরা গোলরক্ষক এবং লোকমান সেরা খেলোয়াড় নির্বাচিত হন। খেলাটির সার্বিক সহযোগীতায় ছিলেন সুধাংশু মোহন সরকার ও শ্রমতি ভারতী রানী সরকার।

খেলা শেষে সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। এসময় খেলা পরিচালনা কমিটির সভাপতি ইউপি সদস্য আরমান আলীর সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশেষ অতিথি ছিলেন এআরবি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাবিবুর রহমান,পরিচালনা কমিটির সাধারন সম্পাদক রবিউল ইসলাম, ইউপি সদস্য মুর্শিদ কুলি ম্যাগ্যা,ওয়ার্ডআওয়ামীলীগের সভাপতি মুক্তি মিয়া, সাধারন সম্পাদক খাকসার আলী, অনন্ত কুমার সাহা প্রমুখ ।

এর আগে উপজেলা চেয়ারম্যান এ্যাড ইয়ারুল ইসলাম উভয় দলের খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন।

- নিজস্ব প্রতিনিধি

শহীদ মিজানুর রহমান স্মৃতি ফুটবলে গোল্ড কিং ফাইনালে

মেহেরপুর রানা মুন্না এন্টার প্রাইজ এর উদ্যোগে বোসপাড়া যুব স¤প্রদায়ের সহযোগিতায় ঘোষপাড়া নেশার মাঠে অনুষ্ঠিত শহীদ মিজানুর রহমান স্মৃতি ফুটবল টুর্ণামেন্টে গোল্ড কিং দ্বিতীয় দল হিসেবে ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছে।

শুক্রবার অনুষ্ঠিত দ্বিতীয় সেমিফাইনাল খেলায় গোল্ড কিং ট্রাইবেকারে বক্স কে ১-০ গোলে কে পরাজিত করে।

নির্ধারিত সময়ে খেলাটি গোলশ‚ন্য ভাবে শেষ হয় শেষ পর্যন্ত ট্রাইবেকারে মাধ্যমে নিষ্পত্তি করানো হয়।

ট্রাইবেকারে উভয় দলই সাতটি করে কিক নিলেও শেষ পর্যন্ত গোল্ড কিং ১-০ গোলে জয়লাভ করে। গোল্ডকিং ফাইনালে রেনেসাঁ ক্লাব সিনিয়র সাথে মোকাবেলা করবে।

- নিজেস্ব প্রতিনিধি

মেহেরপুরে কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগে দুরন্ত হোটেল বাজার জয়ী

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগে দুরন্ত হোটেল বাজার জয়লাভ করেছে ।

শুক্রবার বিকালে অনুষ্ঠিত খেলায় দুরন্ত হোটেল-বাজার ৯-১ গোলে কোলা ইলেভেন ইষ্টার কে পরাজিত করে ।

বিজয়ী দলের পক্ষে চপল ৭টি, ইলিয়াস ও অয়ন একটি করে গোল করেন। কোলা ইলেভেনের পক্ষে মাসুম একটি গোল পরিশোধ করেন ।

খেলাটি পরিচালনা করেন কামাল হোসেন মিন্টু, ফারা হোসেন লিটন, তাদের সহযোগিতা করেন আব্দুল কুদ্দুস।

- নিজেস্ব প্রতিনিধি

মুজিবনগরে ব্যাড মিনটন খেলায়

অন্তরের দল জয়ী

মুজিবনগর উপজেলার মানিকনগর যুব সংঘের আয়োজনে অনুষ্ঠিত ব্যাড মিনটন খেলায় অন্তরের দল জয়লাভ করেছে।

বৃহস্প্রতিবার রাতে লাল্টুর দল ও অন্তরের দলের মধ্যে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

উক্ত খেলায় লাল্টুর দলকে পরাজিত করে অন্তরের দল জয়লাভ করার যোগ্যতা অর্জন করে।

খেলা শেষে বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরন অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উক্ত অনুষ্ঠানের সভাপতিত্বে মানিকনগর ব্যাড মিনটন টূর্নামেন্টের সভাপতি সোহানুর রহমান সোহাগ।

মানিকনগর ব্যাড মিনটন টূর্নামেন্টের সাধারন সম্পাদক হাসিবুল ইসলামের সনচালনায়

অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কেদারগন্জ বাজার কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক,ইউপি সদস্য রহিত মন্ডল উপস্থিত ছিলেন।

- মুজিবনগর অফিস

আজ শুরু হবে ইতিহাস গড়া গোলাপি বলের টেষ্ট

ইডেন গার্ডেনে বাংলাদেশ ও ভারতের মধ্যকার দ্বিতীয় টেস্ট ম্যাচ দেখতে আজ শুক্রবার সকালে কলকাতায় যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আমন্ত্রণে গোলাপী বলের দিন-রাতের ঐতিহাসিক টেস্ট ম্যাচটি দেখতে যাচ্ছেন তিনি। এর আগে

২২-২৬ নভেম্বর অনুষ্ঠিত হতে যাওয়া টেস্ট ম্যাচটি দেখার জন্য ভারতের ক্রিকেট বোর্ডের প্রধান সৌরভ গাঙ্গুলীও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আমন্ত্রণ জানিয়েছেন।

আজ শুক্রবার সকাল ১০ টা ২৫ মিনিটে কলকাতায় নামবেন শেখ হাসিনা। দমদম বিমানবন্দরেই তাকে স্বাগত জানাবেন ভারতীয় ক্রিকেট বোর্ড প্রেসিডেন্ট সৌরভ গাঙ্গুলী।

বিমানবন্দরে আনুষ্ঠানিকতা শেষে কলকাতার হোটেল তাজে যাবেন প্রধানমন্ত্রী। সংক্ষিপ্ত সফরকালে সেখানেই অবস্থান করবেন তিনি। পরে বেলা সাড়ে ১২টার দিকে (স্থানীয় সময়) ইডেন গার্ডেন স্টেডিয়ামে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সঙ্গে ঘণ্টা বাজিয়ে ঐতিহাসিক টেস্ট ম্যাচটির উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাকে সঙ্গ দেবেন সৌরভ গাঙ্গুলী, বিসিসিআই সচিব জয় শাহ, সাবেক ক্রিকেটার শচীন টেন্ডুলকার, রাহুল দ্রাবিড়, নাঈমুর রহমান দুর্জয়, বাংলাদেশ ক্রিকেট বোর্ড সভাপতি নাজমুল হাসান পাপন ও সিএবির কয়েকজন কর্মকর্তা।

খেলা দেখতে ইডেনে উপস্থিত থাকবেন ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী তথা কেন্দ্রের ক্ষমতাসীন দল বিজেপির সর্বভারতীয় সভাপতি অমিত শাহ, ভিভিএস লক্ষ্মণ, টেনিস তারকা সানিয়া মির্জা, ব্যাডমিন্টন তারকা পিভি সিন্ধু, বিশ্বজয়ী বক্সার মেরি কমসহ একঝাঁক ব্যক্তিত্ব। ভিভিআইপিদের দিকটি মাথায় রেখে কড়া নিরাপত্তার চাদরে ঢেকে ফেলা হচ্ছে গোটা ইডেন চত্বর।

বাংলাদেশ-ভারতের মধ্যেকার টেস্ট ম্যাচটির প্রথম সেশন স্টেডিয়ামে বসে উপভোগের পর আবার হোটেলে ফিরে যাবেন শেখ হাসিনা। প্রথম দিনের খেলা শেষে সন্ধ্যায় আবারও ইডেনের মাঠে ফিরে আসবেন তিনি। সেখানে সংক্ষিপ্ত সাংস্কৃতিক অনুষ্ঠানের পর ক্রিকেট অ্যাসোসিয়েশন অব বেঙ্গল আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য দেবেন শেখ হাসিনা।

এরপর ২০০০ সালে ভারত-বাংলাদেশের মধ্যে আয়োজিত প্রথম টেস্টে খেলা দুই দলের ক্রিকেটারদের সংবর্ধনা দেওয়া হবে। ইডেনেই শেখ হাসিনা, মমতা ব্যানার্জি, অমিত শাহ, সৌরভ, শচীন, নাজমুলরা তাদের সক্ষিপ্ত বক্তব্য রাখবেন। ইডেন টেস্টেই শেখ হাসিনাকে পশ্চিমবঙ্গ সরকারের তরফে বিশ্ব বাংলার তৈরি ডিজাইনার শাড়ি ও অন্য উপহার সামগ্রী তুলে দেওয়া হবে। তবে অনুষ্ঠানের পর গোলাপি রঙের আতশবাজি

প্রদর্শনী হওয়ার কথা থাকলেও শেখ হাসিনার নিরাপত্তার কথা ভেবে তা বাতিল হতে পারে। সংগীত পরিবেশন করবেন বাংলাদেশের রুনা লায়লা, কলকাতার জিৎ গাঙ্গুলী।

জানা গেছে, শেখ হাসিনার নিরাপত্তা এমন থাকবে, সেখানে সমস্ত সিএবি সদস্যরাও ক্লাবহাউস সংলগ্ন জায়গায় থাকতে পারবেন না। সিএবিকে বলে দেওয়া হয়েছে, কিছু কর্তা থাকতে পারবেন। তবে যারা থাকবেন, সেটা আগে থেকে তালিকা করে জানিয়ে দিতে হবে। তার বাইরে একজন লোকও সেখানে থাকতে পারবেন না।

পরে কলকাতায় একদিনের সংক্ষিপ্ত সফর শেষ করে নেতাজী সুবাস চন্দ্র বোস বিমানবন্দর থেকে রাত ১০টায় (ভারতীয় সময়) দেশের উদ্দেশে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিশেষ বিমানে উঠবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রাত সাড়ে ১১টার দিকে (বাংলাদেশ সময়) তার ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের কথা রয়েছে।

এর আগে পররাষ্ট্রমন্ত্রী ড. একে আবদুল মোমেন এক ব্রিফিংয়ে সাংবাদিকদের জানান, পূর্ব নির্ধারিত অন্যান্য ব্যস্ততার কারণে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কলকাতায় শেখ হাসিনার সঙ্গে যোগ দেবেন না। তবে শেখ হাসিনাকে রাষ্ট্রীয় অতিথির মর্যাদা দেয়া হবে।
ইডেনে দিবারাত্রির টেস্ট আকর্ষণীয় করে তুলতে আয়োজকদের চেষ্টার কমতি নেই। কিন্তু সব উদ্যোগ তখনই পূর্ণতা পাবে, যখন মাঠের খেলাটা হবে জমজমাট। আয়োজকেরা

আশাবাদী, দুই দলই উপহার দেবে রোমাঞ্চকর এক ম্যাচ।
গোলাপি বলের টেস্ট উপলক্ষে ভারতের যত আয়োজন

* ঢাউস গোলাপি রাঙা হিলিয়াম বেলুন ওড়ানো হয়েছে ইডেনে।
* এই টেস্ট উপলক্ষ্যে থাকছে বিশেষ দুটি মাসকট ‘পিংকু-টিংকু’।
* টেস্ট শুরুর আগে নামবে আট প্যারা ট্রুপার। ভারতীয় বিমানবাহিনী এটা তত্ত্বাবধান করবে। আটজন আটটি গোলাপি বল নিয়ে নামবে। তাঁরা বাংলাদেশের প্রধানমন্ত্র্রী ও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীকে হস্তান্তর করবেন গোলাপি বল।
* বাংলাদেশের প্রধানমন্ত্রী ও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী দুই দলের অধিনায়ককে গোলাপি বল হস্তান্তর করবেন।

* টস করতে সোনার তৈরি বিশেষ কয়েন ম্যাচ রেফারিকে হস্তান্তর করবেন বাংলাদেশের প্রধানমন্ত্রী ও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ।

* দুই দেশের জাতীয় সংগীত বাজাবে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)।
* জাতীয় সংগীতের পর বাংলাদেশের প্রধানমন্ত্রী ও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী বাজাবেন ইডেনের ঘণ্টা।

* এই টেস্টে উপস্থিত থাকতে আমন্ত্রণ জানানো হয়েছে ভারতের সাবেক সব অধিনায়ককে। তাঁরা ল্যাপ অব অনার দেবেন, প্রদক্ষিণ করবেন পুরো মাঠ। এটা হবে চা বিরতিতে।
* অন্য খেলার ভারতীয় কিংবদন্তি যেমন—বক্সিংয়ে মেরি কম, টেনিসের সানিয়া মির্জা, শুটিংয়ে অভিনব বিন্দ্রাদের আমন্ত্রণ জানানো হয়েছে।
* আমন্ত্রণ জানানো হয়েছে ২০০০ সালের নভেম্বরে অভিষেক টেস্ট খেলা বাংলাদেশ দলের সব খেলোয়াড়কে।
* মাঠে সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেবেন দুই শ নৃত্য শিল্পী।

- নিজেস্ব প্রতিনিধি

মেহেরপুর রাজনগর ফুটবল টুর্নামেন্টে নিরিবিলি ক্লাব জয়ী

মেহেরপুর সদর উপজেলা রাজনগর গ্রামে সুখরঞ্জন ও বকুল রানী সরকার স্মৃতি ফুটবল টুর্নামেন্টে দরবেশপুর নিরিবিলি স্পোর্টিং ক্লাব ফুটবল একাদশ ১ গোলে জয়ী হয়েছে।
গতকাল মঙ্গলবার বিকালে রাজনগর স্কুল মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়। ৭০ মিনিটের খেলায় টান টান উত্তেজনায় দরবেশপুর নিরিবিলি স্পোর্টিং ক্লাব ফুটবল একাদশ ও শ্যামপুর রেইনবো ক্লাবের সাথে খেলায় ড্র করে।

পরবর্তীতে খেলা শেষে ট্রাইব্রেকারে খেলা দরবেশপুর নিরিবিলি স্পোর্টিং ক্লাব ফুটবল একাদশ ৩-২ গোলে শ্যামপুর রেইনবো ক্লাব ফুটবল একাদশ কে পরাজিত করে।

খেলা শেষে ম্যান অব দা ম্যাচ ও সেরা গোলদাতা সহ তিন জনকে প্রাইজবন্ড দিয়ে পুরস্কৃত করা হয়। খেলাটি পরিচালনা করেন জহির উদ্দিন, ইমাদুল ইসলাম, হাসিবুল ইসলাম।

খেলাটির সার্বিক সহযোগীতায় ছিলেন সুধাংশু মোহন সরকার ও শ্রীমতি ভারতী রানী সরকার। এসময় খেলা পরিচালনা কমিটির সাধারণ সম্পাদক রবিউল ইসলাম সহ খেলা দেখতে আসা হাজারো দর্শক খেলাটি উপভোগ করেন।

- নিজেস্ব প্রতিনিধি

মুজিবনগর সরকারী ডিগ্রি কলেজ ফুটবলে দ্বাদশ শ্রেণী চ্যাম্পিয়ন

“সুস্থ দেহ সুস্থ মন” এই প্রতিপাদ্য কে ধারণ করে অনুষ্ঠিত হলো ফুটবল টুর্নামেন্ট।
মুজিবনগর সরকারী ডিগ্রি কলেজ এর আন্ত শ্রেণী ফুটবল টুর্নামেন্ট-২০১৯ এর চুড়ান্ত খেলা গতকাল শনিবার অনুষ্ঠিত হয়েছে।

সকাল ১০:৩০ ঘটিকার সময় দারিয়াপুর হাইস্কুল মাঠে অনুষ্ঠিত খেলায় একদিকে দ্বাদশশ্রেণী অপর দিকে একাদ্বশ শ্রেণী অংশ নেয়। নির্ধারিত সময়ে থেলা ড্র থাকায় টাইব্রেকারের মাধ্যমে ২-০ গোলে দ্বদশশ্রেণী বিজয়ী হয়।

খেলা শেষে পুরস্কার বিতরণ করেন অত্র কলেজের অধ্যক্ষ অধ্যাপক আশরাফুল হক।

- নিজস্ব প্রতিনিধি

[redacted]

[redacted]